[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

সাধারণ আদেশ নং-৬/মূসক/২০২৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ। / ২০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ ১০ (দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে পরিশোধকরণ।

যেহেতু, অনলাইন নির্ভর আধুনিক ভ্যাট ব্যবস্থা গড়িয়া তোলার কার্যক্রম চলমান রহিয়াছে; এবং

যেহেতু, আধুনিক ই-পেমেন্ট বা এ-চালান পদ্ধতি ব্যবহার করিয়া ব্যবসায়ীগণ নির্বিঘ্নে দ্রুততম সময়ে রাজস্ব পরিশোধ করিতে পারিবেন এবং ইহার মাধ্যমে সরকারী কোষাগারে রাজস্ব জমা নিশ্চিত হইবে;

যেহেতু, ডিজিটাল পেমেন্ট ব্যবস্থা অধিক অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর করিবার মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ের মধ্যে মূসক জমা প্রদান ও জাল-জালিয়াতি রোধ নিশ্চিত করা সম্ভব;

সেহেতু, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, কোন নির্দিষ্ট কর মেয়াদে কোন প্রতিষ্ঠানের নীট প্রদেয় মূসকের পরিমাণ ১০ (দশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হইলে উক্ত ক্ষেত্রে যেই পরিমাণ মূসক ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধযোগ্য হয়, সেই পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে জমা প্রদান বাধ্যতামূলক করিল।

০২। ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত সাধারণ আদেশ নং-১১/মূসক/২০২১ এতদ্বারা ৩১ শে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ হইতে রহিত করা হইলো।

০৩। এ আদেশ ১লা জানুয়ারী, ২০২৪ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাঃ/-

( জাকিয়া সুলতানা )

সদস্য (মূসক নীতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।

[ তাঁকে উল্লিখিত আদেশ এর ১০০ (দুইশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]

M:\sohel\Letter 2021\Generl order\ADB E Payment 05.09.2023.doc

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.২২/৩২৭ (৬৫ - ৪১) তারিখঃ ২০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২-৮। সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীতি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা) /(শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ (শুল্ক নীতি)/ (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি)/ (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৯। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।

১০-২১। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/যশোর/রাজশাহী/রংপুর/ খুলনা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট -মূসক, ঢাকা।

২২-২৭। কমিশনার,কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আই.সি.ডি,কমলাপুর ।

২৮-৩৪। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/চট্টগ্রাম ।

৩৫-৩৯। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪০। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২০.11.23

(মোঃ আমিনুল ইসলাম )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

M:\sohel\Letter 2021\Generl order\ADB E Payment 05.09.2023.doc 11/20/2023 2:40:45 PM